

বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়

মেহেদী সুপার মার্কেট, বড়বাজার সড়ক, সাতক্ষীরা।

ফোন: ০২৪৭৭৭৪২০২৫, E-mail: crmsatkhira@krishibank.org.bd



৫৩.১১.২০১৫.২১৫.৬৬.১৭.২০২২-৩৩৭১

তারিখঃ- ২১.০৪.২০২২ ইং

জানুয়ারি ২০২২ হতে মার্চ ২০২২ সময়কালের (অর্থবছরঃ ২০২১-২০২২) ৩য় প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ রিয়াজুল ইসলাম, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক।
তারিখ ও সময় : ২১ এপ্রিল ২০২২, বিকাল ৩.৩০ ঘটিকায়।
স্থান : মুখ্য আঞ্চলিক কার্যালয়, সাতক্ষীরা।
উপস্থিতি : প্রতিবেদন প্রস্তুতকারী ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও নৈতিকতা কমিটির সদস্যসহ সভাপতি মহোদয়।


সভার শুরুতে সভাপতি মহোদয় তার স্বাগত বক্তব্যে অর্থবছরের ৩য় প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। তিনি ৩য় প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার বাস্তবায়নকৃত সিদ্ধান্তসমূহ পর্যালোচনা করেন।

০২। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ আব্দুল আলীম ২০২১-২০২২ অর্থবছরের ২য় প্রান্তিকের সভা পরিচালনা করেন।

০৩। সভায় বিভিন্ন বিষয়ের উপর বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নরূপ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

- ৩.১। প্রধান কার্যালয়সহ নিয়ন্ত্রণকারী কার্যালয়সমূহ হতে সময়ে সময়ে চাহিত বিভিন্ন প্রতিবেদনসমূহ যথাসময়ে এবং নির্ভুলভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে।
- ৩.২। করেনা মহামারী রোধকল্পে সরকার ঘোষিত বিভিন্ন প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ বিতরণ কর্মসূচী যথাযথ ব্যক্তি ও খাতক চিহ্নিতপূর্বক বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।
- ৩.৩। কার্যালয়সমূহের সকল কর্মকর্তা-কর্মচারী যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলবে, একই সাথে আগত সকল সেবা প্রত্যাশীগণ স্বাস্থ্যবিধি পালন করছেন কিনা তা নিশ্চিত করতে হবে।
- ৩.৪। গ্রাহক সেবা নিশ্চিতকল্পে আরো দ্রুততা ও বুদ্ধিমত্তা প্রদর্শন করতে হবে।
- ৩.৫। ব্যাংকের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয় এমন কাজ হতে বিরত থাকতে হবে।
- ৩.৬। ২য় প্রান্তিকে সভার সিদ্ধান্তসমূহ পরিপালন অব্যাহত রাখতে হবে।
- ৩.৭। ৩য় প্রান্তিকের অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড করতে হবে।
- ৩.৮। ০৩ নং ক্রমিকের সকল সিদ্ধান্ত অত্র মুখ্য অঞ্চলাধীন ১৭ (সতের) টি শাখা ও কার্যালয়ে পরিপালনের জন্য অবহিত করতে হবে।

০৪। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।


২১/০৪/২০২২

(মোঃ রিয়াজুল ইসলাম)

মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক (দায়িত্বে)

ও

সভাপতি

নৈতিকতা কমিটি

বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, সাতক্ষীরা